

# স্মার্ট সিটির পথে দক্ষিণ ঢাকা




ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র



ঢাকা ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিসমৃদ্ধ একটি প্রাচীন নগরী। ১৬০৮ সালে মোগল সম্রাট জাহাঙ্গীর সর্বপ্রথম রাজমহল থেকে বাংলার রাজধানী স্থানান্তর করে ঢাকায় নিয়ে আসেন। ঢাকা এক নতুন আভিজাত্যে অভিষিক্ত হয় এবং ঢাকার গুরুত্ব বহুগুণে বেড়ে যায়। নানা সংকট-সংগ্রামের চড়াই-উৎরাই পেরিয়ে মহান একাত্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ অর্জিত হবার পর ঢাকা একটি স্বাধীন দেশের রাজধানীতে পরিগণিত হবার গৌরব অর্জন করে। বঙ্গবন্ধুতনয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১ এর অভীষ্ট লক্ষ্য অর্জনে নিরন্তর প্রয়াস অব্যাহত রেখেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

লক্ষ মানুষের জীবন, জীবিকা, আবেগ ও প্রত্যাশার ছায়াতল আমাদের ঢাকা। প্রতিটি নাগরিকেরই স্বপ্ন আছে প্রত্যাশিত নগরজীবনের। কিন্তু বছরের পর বছর নগরীর সমস্যাগুলো পুঞ্জিভূত হয়ে প্রকট আকার ধারণ করে। ২০১৫ সালের ৬মে আমি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে প্রথম নির্বাচিত মেয়র হিসেবে শপথ গ্রহণ করি। দায়িত্বভার গ্রহণের পর দীর্ঘদিনের এসব পুঞ্জিভূত সমস্যা সমাধানে বাস্তবমুখী কর্মপন্থা গ্রহণ করি। ইতোমধ্যে সম্মানিত নগরবাসীর স্বাচ্ছন্দপূর্ণ নগরজীবনপ্রবাহে বেশকিছু ক্ষেত্রে দৃশ্যমান সাফল্য অর্জিত হয়েছে। আমাদের যে সকল পরিকল্পনা রয়েছে সে সকল বাস্তবায়ন খুব একটা সহজসাধ্য নয়। প্রায় দেড়কোটি জনঅধ্যুষিত এই মহানগরীর রয়েছে হাজারও সমস্যা। আমাদের সীমিত সামর্থ্য ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে অভীষ্ট লক্ষ্য অর্জনে দিনরাত কাজ করে চলেছি। একজন মেয়র এবং তাঁর কয়েক হাজার জনবল নিয়ে সকল সংকট নিরসন করা সম্ভব নয়। এক্ষেত্রে আমার সকল প্রিয় নাগরিককে এগিয়ে আসার আহবান জানাই। আমি প্রত্যেক নাগরিককে মেয়রের ভূমিকায় দেখতে চাই।

ঢাকাকে রাতারাতি বদলে দেয়ার দাবি আমাদের নেই। আমরা এগিয়ে যেতে চাই পরিকল্পিতভাবে এবং ক্রমান্বয়ে। বাস্তব অভিজ্ঞতা, পর্যবেক্ষণ, পর্যালোচনা, বিশেষজ্ঞের গবেষণালব্ধ জ্ঞান, জনমত ও গণদাবির আলোকে প্রতিটি ক্ষেত্রে যথাসাধ্য সুনির্দিষ্ট, কার্যকরি ও বাস্তবায়নযোগ্য পরিকল্পনা গ্রহণ, প্রয়োগ ও সফল বাস্তবায়নের মাধ্যমে আমরা ঢাকাকে এগিয়ে নিয়ে যাবো ধাপে ধাপে। সরকার, বিশেষজ্ঞ, গবেষণা প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, জাতীয় ব্যক্তিত্ব, জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থা, এনজিও, গণমাধ্যম এবং নির্বিশেষে আপামর জনতা-সবার অংশগ্রহণেই বাস্তবরূপ নেবে স্বাচ্ছন্দ্যময় নগরজীবন।

আসুন, সবাই মিলে আমাদের প্রিয় ঢাকা'কে পরিচ্ছন্ন, সবুজ, বাসযোগ্য, সুন্দর ও স্মার্ট নগরী হিসেবে গড়ে তুলি।
আপনাদের দোয়া চাই, ভালবাসা চাই, সহযোগিতা চাই।
আপনারা আমার সাথে থাকুন, পাশে থাকুন।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক ।

সাঈদ খোকন

**মোহাম্মদ সাঈদ খোকন**
মেয়র
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

# বাস্তবায়িত ই-সেবা কার্যক্রম

- সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বায়োমেট্রিকস ও ফেস রিকগনিশন ডিভাইসের মাধ্যমে ডিজিটাল হাজিরা চালু
- ফেসবুক ও WhatsApp ব্যবহারের মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রম সরাসরি মনিটরিং
- পরিচ্ছন্নকর্মীদের জন্য লোকেশন ট্রাকিং এর ব্যবস্থা গ্রহণ
- আমার ঢাকা এ্যাপস
- ডাইনামিক ওয়েব পোর্টাল www.dscc.gov.bd
- সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেজ www.facebook.com/officialpage.dscc
- অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা
- ওয়েব মেইল ব্যবহার
- মুঠোফোনে বার্তা প্রেরণ
- ওয়্যারলেস ব্যবহার করে মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং
- গুরত্বপূর্ণ স্থাপনা ও স্পটে ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন
- গুরত্বপূর্ণ জনসমাগম স্থলে ফ্রি ওয়াই-ফাই জোন স্থাপন
- দরপত্র কার্যক্রমে স্বচ্ছতা আনতে শতভাগ ই-টেন্ডারিং চালু
- ডিজিটালাইজড এলইডি লাইট স্থাপন
- অভ্যন্তরীণ নেটওয়ার্ক ব্যাকবোন তৈরী
- ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন
- নগর ভবনে ডিজিটাল তথ্য সেবা চালু
- ই-রেভিনিউ অটোমেশন
- ই- ট্রেড লাইসেন্স সেবা দান
- অভ্যরীণ যোগাযোগের জন্য বিনামূল্যে কর্পোরেট সীম প্রদান
- ৫৭ টি ওয়ার্ডে নগর ডিজিটাল সেন্টার স্থাপন
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৪/৭ হটলাইন চালু

  হটলাইন নম্বরঃ ০৯৬১১০০০৯৯৯

## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

# বাস্তবায়নাধীন ই- সেবা কার্যক্রম

- হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম
- ই-ফাইলিং(ই-নথি)
- একাউন্টস অটোমেশন
- পে-রোল ম্যানেজমেন্ট সিস্টেম
- ভেহিক্যাল ট্রাকিং সিস্টেম
- স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম
- ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম
- সম্পত্তি ম্যানেজমেন্ট সিস্টেম
- কমিউনিটি সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেম
- ডিজিটাল এলইডি ডিসপ্লে ম্যানেজমেন্ট সিস্টেম
- গ্রাভিয়ার্ড ম্যানেজমেন্ট সিস্টেম
- জিআইএস বেজড ম্যাপিং
- ওয়ান স্টপ সার্ভিস সেন্টার
- ইমারজেন্সী অপারেশন সেন্টার



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

# প্রস্তাবিত ই-সেবা কার্যক্রম

- স্মার্ট সিটি ম্যানেজমেন্ট এন্ড অপারেশন সেন্টার
- স্মার্ট ওয়েস্ট বিন ম্যানেজমেন্ট সিস্টেম
- স্মার্ট কনটেইনার ম্যানেজমেন্ট সিস্টেম
- স্মার্ট পোল
- স্মার্ট ম্যানহোল ম্যানেজমেন্ট সিস্টেম
- স্মার্ট বাইসাইকেল ম্যানেজমেন্ট সিস্টেম
- স্মার্ট হসপিটাল ম্যানেজমেন্ট সিস্টেম
- অনলাইন ডেইলী মার্কেট ম্যানেজমেন্ট
- আরএফআইডি বেজড রিক্সা ট্রাকিং
- ডিজিটাইজেশন অব ইপিআই সার্ভিস
- বস্তিবাসী ম্যানেজমেন্ট সিস্টেম
- স্মার্ট অডিট ম্যনেজমেন্ট
- অনলাইন হাইরাইজড বিল্ডিং পারমিশন
- অনলাইন রোড কার্টিং পারমিশন
- অনলাইন রোড রোলার রেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম
- অনলাইন গরুর হাট ব্যবস্থাপনা
- ডিজিটাল আর্কাইভ
- নগর কমিউনিটি রেডিও
- নগর আইপি টিভি
- নগর অনলাইন বুলেটিন
- নগর অনলাইন নিউজপেপার
- স্মার্ট নগর ভবন
- ই-অকশন ম্যানেজমেন্ট সিস্টেম
- ই-লীজ ম্যানেজমেন্ট সিস্টেম

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

# জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা

**হটলাইন নম্বরঃ ০৯৬১১০০০৯৯৯**

## অন কলে বাড়িতে গিয়ে ফ্রি স্বাস্থ্য সেবা, ফিজিওথেরাপি ও ঔষধ প্রদান কার্যক্রম

### বাড়িতে বসে চিকুনগুনিয়া রোগের বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান কার্যক্রম

(২০ জুলাই ২০১৭ -৩ আগস্ট ২০১৭)

সর্বমোট কল গ্রহণঃ ৮০,৮৪১; ঢাকা দক্ষিণের কল গ্রহণঃ ১৪২৩৩

সেবা পেতে অনুরোধঃ ২,৪৬৪; হোম ভিজিটঃ ১১০৯

টেলিফোনে পরামর্শ প্রদানঃ ১০৭৬; নন রেসপন্সড কলঃ ২৭৯

### বাড়িতে বসে চিকুনগুনিয়া পরবর্তী ব্যাথা নিরাময়ে ফিজিওথেরাপি সেবা ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম

৩১ জুলাই ২০১৭-২৬ আগস্ট ২০১৭

সর্বমোট কল গ্রহণঃ ৫০৫৭৬; ঢাকা দক্ষিণের কল গ্রহণঃ ২১৮৯৯

সেবা পেতে অনুরোধঃ ২৫৫৫; হোম ভিজিটঃ ১৬৮৫

টেলিফোনে পরামর্শ প্রদানঃ ৫৮২; নন রেসপন্সড কলঃ ২৮৮

### মেয়র মোহাম্মদ হানিফ স্বাস্থ্য সেবা পক্ষ উপলক্ষে বাড়িতে বসে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা (শীতকালীন ঠাণ্ডাজনিত সর্দি-কাশি, জ্বর, ডায়রিয়া ইত্যাদি) ও ঔষধ প্রদান কার্যক্রম

২৮ নভেম্বর ২০১৭-৪ ডিসেম্বর (চলমান) ২০১৭ পর্যন্ত

সর্বমোট কল গ্রহণঃ ২৩০৩২; ঢাকা দক্ষিণের কল গ্রহণঃ ৭৩৬৩

সেবা পেতে অনুরোধঃ ২০৭২; হোম ভিজিটঃ ১৯৮২

টেলিফোনে পরামর্শ প্রদানঃ ৩৩; নন রেসপন্সড কলঃ ৯৮






আমার ঢাকা এ্যাপস ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অফিসিয়াল এ্যাপস। এই এ্যাপের মাধ্যমে একজন নাগরিক নিম্নোক্ত সুবিধাপ্রাপ্ত হবেন।

- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সংক্রান্ত তথ্যাদি ও নোটিফিকেশন প্রাপ্তি;
- পরামর্শ ও অভিযোগ সেবা
- আমার ঢাকা
- আবেদন ও ফরমসমূহ
- সমাজকর্ম
- জরুরি সাহায্য

মোবাইল এ্যাপসটি এ্যান্ড্রয়েড স্মার্ট ফোন ব্যবহারকারীর হাতের নাগালে প্রয়োজনীয় তথ্যাবলী এনে দিয়েছে। এ্যাপটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়েব সাইট www.dscc,gov.bd অথবা Google Play Store এ Amar Dhaka লিখে ক্লিক করে ডাউনলোড করা যাবে।





GET IT ON
Google Play




## অভ্যন্তরীন কার্যক্রম মনিটরিং করার জন্য ফেসবুক লাইভ এবং ইন্সট্যান্ট ম্যাসেঞ্জার ব্যবহার




# ঢাকা দক্ষিণের বিভিন্ন এলাকার নিরাপত্তায় বিভিন্ন সংস্থা-প্রতিষ্ঠান, কাউন্সিলর ও ব্যক্তি উদ্যোগে নগর ভবন ও বিভিন্ন ওয়ার্ড সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে








নগরভবনে ডিজিটাল তথ্য সেবা চালু করা হয়ে



## গুরুত্বপূর্ণ জনসমাগমস্থলে ফ্রি ওয়াই-ফাই জোন স্থাপন




জনগণের দোরগোড়ায় সেবা
পৌঁছে দিতে ৫৭টি ওয়ার্ডে
নগর ডিজিটাল সেন্টার স্থাপন



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
# ই ট্রেড লাইসেন্স




## ই-ট্রেড লাইসেন্স সেবা প্রাপ্তির প্রক্রিয়া

যে কোন ইন্টারনেট ব্রাউজার ব্যবহার করে ওয়েব এড্রেস বারে নিম্নোক্ত এড্রেস টাইপ করতে হবে

www.etradelicense.dscc.gov.bd

www.etradelicense.gov.bd

- নতুন নিবন্ধন করার জন্য লগইন স্ক্রীনের নিচের হাইপারলিংকে ক্লিক করতে হবে প্রয়োজনীয় তথ্য দিয়ে নিবন্ধনের কাজ শেষ করে আপনার মোবাইলে প্রাপ্ত পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে।
- লগইন করার পর ব্যবসা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজাদিএ্যাটাচমেন্ট আকারে সাবমিট করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স সুপারভাইজার সরেজমিনে ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করে অনলাইনে রিপোর্ট প্রদান করবেন।
- আবেদন গৃহীত হলে ব্যবসায়ীর নিবন্ধনকৃত মোবাইল নম্বরে প্রয়োজনীয় ফি প্রদান করার জন্য একটি বার্ত প্রেরণ করা হবে।
- সম্মানিত ব্যবসায়ী অনলাইনে বা মোবাইলের মাধ্যমে তার প্রয়োজনীয় ফি প্রদান করতে পারবেন।
- কর কর্মকর্তা ব্যবসায়ীর পেমেন্ট স্ট্যাটাস এবং আনুসাঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করে ই-ট্রেড লাইসেন্স ইস্যু করবেন।
- ইস্যুকৃত ই-ট্রেড লাইসেন্স সংক্রান্ত একটি নোটিফিকেশন বার্তা সম্মানিত ব্যবসায়ী তার নিবন্ধনকৃত মোবাইল নম্বরে পাবেন। এরপর তিনি তার অনলাইন একাউন্ট ব্যবহার করে ইংরেজি বা বাংলা ভার্সন ই-ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।



বাস্তবায়নে: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

আর্থিক সহায়তা: সার্ভিস ইনোভেশন ফান্ড,এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

কারিগরি সহায়তায়: নাইস পাওয়ার এন্ড আইটি সল্যুশন লি.
মিলেনিয়াম সিস্টেমস সল্যুশন লি.

# ই-রেভিনিউ অটোমেশন





## অনলাইনে হোল্ডিং ট্যাক্স পরিশোধের প্রক্রিয়া

অনলাইনে হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে হলে প্রথমেই নিচের

www.erevenue.dscc.gov.bd অথবা www.erevenue.gov.bd

এই লিংকে প্রবেশ করতে হবে। প্রবেশ করার পর গ্রাহকের রেজিস্ট্রেশন ফরম আসবে। গ্রাহকের মোবাইল নম্বর, ই-মেইল নম্বরসহ প্রয়োজনীয় তথ্য দিয়ে ফরমটি রেজিস্টার্ড করতে হবে। এরপরই হোল্ডিং নম্বর সম্পর্কিত ফরম আসবে। সেখানে হোল্ডিংয়ের যাবতীয় তথ্য যুক্ত করার পর কী পরিমাণ হোল্ডিং ট্যাক্স বকেয়া আছে সে বিষয়ে তথ্যাদি চলে আসবে। পরিশোধ করতে চাইলে পরিশোধ অপশনে গিয়ে গ্রাহক তার ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের তথ্য যুক্ত করবেন। এরপরই মোবাইলে মেসেজ চলে আসবে কার্ড থেকে তার কত টাকা হোল্ডিং ট্যাক্স বাবদ কাটা হয়েছে।

স্থানীয় সরকার বিভাগের আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় এটিএন এন্ড আরকে সফট লি. এর কারিগরী সহায়তায় রেভিনিউ অটোমেশন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।




সকল পরিচ্ছন্নকর্মীদের ডিজিটাল
লোকেশন ট্রাকিং এর আওতায় আনা হয়েছে








সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে





দরপত্র কার্যক্রমে
স্বচ্ছতা আনতে
শতভাগ ই-টেন্ডারিং
ব্যবস্থা চালু করা হয়েছে





# ডিজিটালাইজড এলইডি লাইট
# আলোকোজ্জ্বল ঢাকা



নগরীর সড়কগুলো আলোকময় করে তুলতে ও নাগরিকগণের সার্বিক নিরাপত্তায় প্রতিটি রাস্তা, মহল্লা ও অলিগলিতে সোডিয়াম লাইটের পরিবর্তে অত্যাধুনিক বিদ্যুৎ সাশ্রয়ী ৩৭০০০টি এলইডি লাইট স্থাপনের মাধ্যমে ঢাকাকে আলোকিত করার কাজ এগিয়ে চলছে। ইতোমধ্যে ৩৫০০০টি এলইডি লাইট স্থাপন করা হয়েছে। সোডিয়াম লাইটের তুলনায় এলইডি লাইটের স্থায়িত্বকাল বেশি, ব্যয় কম, বিদ্যুৎ সাশ্রয়ী, আলো উজ্জ্বল, ভিডিও ফুটেজ তোলা ছবিও স্পষ্টভাবে দেখা যায়। নগর ভবনে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষ থেকে সহজেই প্রয়োজনানুযায়ী ল্যাম্প পোস্টে সংযোজিত এসব লাইটের আলোর পরিমান কমানো/বাড়ানো, সুইচ অন/অফ করা, কোনটি নষ্ট বা কোনটি বন্ধ আছে তা সনাক্ত করা সম্ভব।







# দৃষ্টিনন্দন এলইডি বোর্ড স্থাপন








মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ উপলক্ষে আয়োজিত মেলায়
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্যাভিলিয়ন পরিদর্শন করেন









# বুড়িগঙ্গা ঢাকার প্রাণ






এক সময়ের প্রাণোচ্ছ্বল ঐতিহ্যবাহী বুড়িগঙ্গা বর্তমানে মৃতপ্রায় বুড়িগঙ্গার প্রাণ ফিরিয়ে আনাসহ একে নয়নাভিরাম, মনকাড়া ও দৃষ্টিনন্দনরূপে সাজানোর পরিকল্পনার আওতায় ওয়ার্ল্ড ব্যাংক ও বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফাণ্ড (বিএমডিএফ) এর সহায়তায় ঢাকা ইন্টিগ্রেটেড আরবান ডেভেলপমেন্ট এণ্ড স্মার্ট সিটি ম্যানেজমেন্ট নামে প্রায় দুই হাজার কোটি টাকার প্রকল্প নদীর নান্দনিক সৌন্দর্যবৃদ্ধি হাটার জন্য ওয়াকওয়ে, অবকাশ যাপনের জন্য বিলাসবহুল রিসোর্ট, পার্ক, বসার স্থান, পর্যটকদের জন্য প্রমোদতরী, রেস্তোরাঁ, ভাসমান বিনোদন কেন্দ্র ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এ প্রকল্পের কাজ শেষ হলে নগরবাসী পরিবার পরিজন নিয়ে দৃষ্টিনন্দনরূপে বিনোদন কেন্দ্র হিসেবে সজ্জিত বুড়িগঙ্গা-তে বেড়াতে আসবেন। সকল বয়সী নারী, পুরুষ, শিশু ও পর্যটকদের আগমনে ও তাদের কলকাকলীতে বুড়িগঙ্গা মুখরিত হয়ে উঠবে।



# পরিবেশ ও পথচারীবান্ধব ফুটওভার ব্রীজ নির্মাণ





নিরাপদ সড়ক পারাপারের লক্ষ্যে ৮টি ফুটওভার ব্রীজ নির্মাণ করা হয়েছে এবং
৯টির নির্মাণ ও ১৭টির সংস্কার কাজ চলমান রয়েছে









৭ ঘন্টায় ১কিমি সড়ক তৈরীতে সক্ষম
কোল্ড মিলিং মেশিন। যা দিয়ে দ্রুত
কার্পেটিং ও সড়ক সংস্কার করা যায়









রোড মার্কিং মেশিন
এক ঘন্টায় ৩ কিলোমিটার
রাস্তা মার্কিং








জলযট নিরসনে সরেজমিনে উপস্থিত হয়ে নির্দেশনা দিচ্ছেন মাননীয় মেয়র






## খেলার মাঠ ও পার্ক উন্নয়ন


আধুনিক উন্নত ব্যবহারের মাধ্যমে সুন্দর, সমৃদ্ধ, যুগোপযোগী, পরিচ্ছন্ন-পরিবেশসম্মত ঢাকা মহানগরী গড়ে তোলা, নাগরিকগণের স্বাস্থ্য চর্চা ও বিনোদনের জন্য "জলসবুজে ঢাকা" শীর্ষক কর্মসূচীর মাধ্যমে ৩১টি খেলার মাঠ ও পার্ক উন্নয়নের কাজ চলমান রয়েছে, যা ২০১৭ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়। নগরবাসীর শারিরীক ও মানসিক স্বাস্থ্য চর্চার জন্য ২১টি ব্যায়ামাগারের মধ্যে ১৫টি চলমান ও ৬টি সংস্কারাধীন রয়েছে।










# মডেল রোড

পথচারী ও যানবাহন চলাচলে আধুনিক সুযোগ-সুবিধা সংযোজন করে ইতোমধ্যে ধানমন্ডি শেখ কামাল সরণি (২৭নং রোড) থেকে নীলক্ষেত পর্যন্ত ইনস্টিটিউট অব আর্কিটেক্ট এর ডিজাইনে একটি মডেল রোড নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।





অবৈধ দখলমুক্ত গুলিস্তান ও মতিঝিল ফুটপাত



অবৈধ দখলমুক্ত নিউমার্কেট ফুটপাত

জনগণের রাস্তা, জনগণের ফুটপাত
জনগণকে ফিরিয়ে দিতে চাই

মোহাম্মদ সাঈদ খোকন
মেয়র








নাগরিকদের যাতায়াতের সুবিধার্থে
সড়ক ও ফুটপাত
নির্মাণ ও সংস্কার কার্যক্রম
চলমান রয়েছে।









**২০ বছরের পুরনো যানবাহনের বিরুদ্ধে অভিযান**

পরিবহন খাতে শৃংখলা ফিরিয়ে আনার লক্ষ্যে দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় চলাচলকারী ২০ বছরের পুরনো মেয়াদোত্তীর্ন ও ফিটনেসবিহীন যানবাহনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়েছে।





প্রস্তাবিত গুলিস্তান এলাকায় উড়াল ফুটপাতের নকশা


মহানগরীতে যানজট নিরসন ও সুষ্ঠু যানবাহন ব্যবস্থাপনার জন্য ২৩টি বাস-বে ও পুলিশ বক্স নির্মাণের পরিকল্পনা রয়েছে।






# বিলবোর্ড, ব্যানার ফেস্টুনমুক্ত পরিচ্ছন্ন ঢাকা

## অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম





নিরাপদ, নির্বিঘ্ন নাগরিক সেবা বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘদিন ধরে মহানগ
অবৈধভাবে দখলে থাকা সায়েদাবাদ ট্রাক স্ট্যান্ড উদ্ধার করা হয়ে
খিলগাও নন্দীপাড়া ত্রিমোহনী খাল উদ্ধার করা হয়েছে।

গুলিস্তান, মতিঝিল ও পার্শ্ববর্তী এলাকাগুলোসহ নিউ মার্কেটের ফুট
অবৈধ দখলমুক্ত করে দিলকুশা, নবাবপুর রোড, মতিঝিল আইডিয়াল
সংলগ্ন, সেগুনবাগিচা ও বায়তুল মোকাররম মসজিদ এলাকায় ৫টি হ
মার্কেট চালু করা হয়েছে।

এছাড়াও হকারদের পুণর্বাসনের লক্ষ্যে প্রকৃত হকারদের তালিকা
দেশে/বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে পরিচয়পত্র প্রবর্তনের কার্যক্রম গ্রহণ
হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ
অপরাধীদের জেল ও জরিমানা প্রদান করা হয়েছে।





হলিডে মার্কেট

# বিলবোর্ড, ব্যানার ফেস্টুনমুক্ত পরিচ্ছন্ন ঢাকা




## অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম





নিরাপদ, নির্বিঘ্ন নাগরিক সেবা বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘদিন ধরে মহানগরে অবৈধভাবে দখলে থাকা সায়েদাবাদ ট্রাক স্ট্যান্ড উদ্ধার করা হয়েছে। খিলগাও নন্দীপাড়া ত্রিমোহনী খাল উদ্ধার করা হয়েছে।

গুলিস্তান, মতিঝিল ও পার্শ্ববর্তী এলাকাগুলোসহ নিউ মার্কেটের ফুটপাত অবৈধ দখলমুক্ত করে দিলকুশা, নবাবপুর রোড, মতিঝিল আইডিয়াল স্কুল সংলগ্ন, সেগুনবাগিচা ও বায়তুল মোকাররম মসজিদ এলাকায় ৫টি হলিডে মার্কেট চালু করা হয়েছে।

এছাড়াও হকারদের পুর্ণবাসনের লক্ষ্যে প্রকৃত হকারদের তালিকা করে দেশে/বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে পরিচয়পত্র প্রবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণকল্পে অপরাধীদের জেল ও জরিমানা প্রদান করা হয়েছে।



হলিডে মার্কেট

## মশক নিধন কার্যক্রম

মহানগরীকে **মশকমুক্ত, স্বাস্থ্যসম্মত ও মশকবাহিত রোগ প্রতিরোধকল্পে** পর্যাপ্ত পরিমাণ মশক নিধন ঔষধ প্রয়োগ করা হয়েছে। ফলে মশকবাহিত রোগ নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। এ লক্ষ্যে নাগরিকদের স্বাস্থ্য সচেতন করার জন্যে লিফলেট, পোস্টার বিতরণসহ  টিভি চ্যানেলে টিভিসি প্রচার করা হয়













## পাবলিক টয়লেট নির্মাণ ও সংস্কার

পথচারী নাগরিকদের জরুরী সেবা প্রদানের লক্ষ্যে ১১টি পাবলিক টয়লেট নির্মাণ সম্পন্ন
৪৭টির নির্মাণ কাজ চলমান ও ১৭টির সংস্কার কার্যক্রম চলমান রয়েছে







যত্রতত্র
ময়লা আবর্জনা
ফেলা রোধকল্পে
৫৭০০টি ওয়েস্টবিন
স্থাপন করা হয়েছে







পরিচ্ছন্ন ভাবনা
পরিচ্ছন্ন বসন
পরিচ্ছন্ন নগর
পরিচ্ছন্ন জীবন






আমি প্রত্যেক নাগরিককে মেয়রের ভুমিকায় দেখতে চাই

সাঈদ খোকন






মাননীয় মেয়রের
প্রতিশ্রুতি অনুযায়ী ২৪ ঘন্টার পূর্বে
কোরবানীর বর্জ্য অপসারণে
যুগান্তকারী দৃষ্টান্ত স্থাপিত হয়েছে


'কোরবানির বর্জ্য অপসারণে সফল ডিএসসিসি'


A job well done


ঢাকায় কোরবানির বর্জ্য ২৪ ঘন্টায় অপসারণ

আমাদের সচেতনতাই পরিবর্তনের শক্তি

সাঈদ খোকন




ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের
অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত
সেবা প্রদানকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য
সরকারি দপ্তর প্রধানগণের অংশগ্রহনে

## সমন্বয় সভা

মেয়র মহোদয় দায়িত্ব গ্রহণের পর
এসব সেবাসংস্থার সমন্বিত উদ্যোগ গ্রহণের ফলে
নাগরিকসেবা বৃদ্ধি পেয়েছে



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৮২.০৪৮.০১.০১.০১২.২০১৬(অংশ-৪)-৩৫১

১৩.০৩.১৪২৩ বঃ
তারিখ ২৭.০৬.২০১৬ খ্রিঃ

**পরিপত্র**

**বিষয় ঃ সিটি কর্পোরেশনের সাথে সেবা প্রদানকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি দপ্তরসমূহের সমন্বয়।**

সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে সরকারী বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থার কাজে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৪৯(১৫) ধারার উদ্দেশ্য পূরণকল্পে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত সেবা প্রদানকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি দপ্তরের প্রধানগণ সিটি কর্পোরেশনের আমন্ত্রণে সভায় যোগদান করতঃ সভায় গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন এবং বাস্তবায়ন অগ্রগতি সিটি কর্পোরেশনকে অবহিত করবেন।

২৭/০৬/১৬

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর)
পরিচালক (প্রশাসন)








## জনতার মুখোমুখি জনপ্রতিনিধি

বিভিন্ন ওয়ার্ডে জনতার মুখোমুখি জনপ্রতিনিধি শীর্ষক ব্যতিক্রমী জবাবদিহিমূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মাননীয় মেয়র এর উপস্থিতিতে ওয়াসা, ডেসা, রাজউক, ডিএমপিসহ ২৮টি সেবা সংস্থার প্রতিনিধিগণ এ অনুষ্ঠানে উপস্থিত হয়ে এলাকাবাসীর কাছে জবাবদিহি করে থাকেন।

## হ্যালো মিস্টার মেয়র

এবিসি রেডিও এফএম ৮৯.২তে নিয়মিত "হ্যালো মিস্টার মেয়র" অনুষ্ঠানে শ্রোতাদের সাথে বিভিন্ন নাগরিক সমস্যা নিয়ে জবাবদিহি করে থাকেন।

নগরের পিতা নয়, সন্তান হিসেবে কাজ করতে চাই


সাঈদ খোকন

# ভিশন

বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য টেকসই ও যুগোপযোগী নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত পরিচ্ছন্ন, সবুজ-আলোকিত বাসযোগ্য নগরী গড়ে তোলা

# মিশন

- জনগণের দোরগোড়ায় প্রয়োজনীয় ও কাঙ্খিত নাগরিক সেবা যথাসময়ে পৌঁছে দেয়া
- নগরীর সৌন্দর্যবর্ধণ ও সবুজায়নের মাধ্যমে পরিবেশের টেকসই উন্নয়ন
- বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, আধুনিকায়ন ও বর্জ্যের পুনর্ব্যবহার নিশ্চিতকরণ
- আধুনিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ
- লেক, খেলার মাঠ, পার্ক উন্নয়নের মাধ্যমে পর্যাপ্ত বিনোদনের সুযোগ সৃষ্টি করা
- জলবদ্ধতা নিরসনের জন্য সমন্বিত ড্রেনেজ নেটওয়ার্ক গড়ে তোলা
- রাস্তা উন্নয়ন, গ্রেড সেপারেটর, ফুটওভার ব্রীজ নির্মাণ, বহুতল গাড়ী পার্কিং ও ফুটপাত দখলমুক্তকরণের মাধ্যমে নগরীর যানজট মুক্তকরণ
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা
- কর্মকর্তা কর্মচারীদের পেশাগত উৎকর্ষতা ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা
- দরিদ্র ও পিছিয়ে পড়া নগরবাসীর অর্থনৈতিক ও জীবনমানের উন্নয়ন






**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন**

নগর ভবন, ঢাকা ১০০০

পি.এ.বি.এক্স টেলিফোন নম্বর: ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৮৩৫৭-৬০, ৯৫৫৭১৮৬-৮৯
নগর ভবন কন্ট্রোল রুম: ০২-৯৫৫৬০১৪, পি.এ.বি.এক্স-২৩১, ফ্যাক্স: ৮৮০-২-৯৫৬৩২৬৬, ৯৫৬৩৫১৪
ই-মেইল: dsccinfo@dhakasouthcity.gov.bd, facebook.com/officialpage.dscc
www.dscc.gov.bd